অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল ও নার্সিং অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-৪৫.১৫৬.১১৬.০০.০০.০১১.২০১১-০৭ তারিখঃ ০৩-০১-২০১২ খ্রিঃ

আদেশ

দেশের সকল সরকারি ও বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকসমূহকে নির্দেশক্রমে এই মর্মে জানানো যাচ্ছে যে,

ক) অর্থ জমা হওয়ার অপেক্ষায় থাকার কারণে বা ভর্তি প্রক্রিয়া অসম্পন্ন থাকার কারণে জরুরী চিকিৎসা সেবা প্রয়োজন এমন কোন রোগীকে কোন হাসপাতাল/ক্লিনিকের চিকিৎসা প্রদানে অস্বীকৃতি জ্ঞাপনের কোন অধিকার নেই;

খ) যদি ভর্তি প্রক্রিয়ায় জটিলতার কারণে কোন রোগীর চিকিৎসা বিলম্বিত হয় ও তার ফলশ্রুতিতে কোন রোগী মৃত্যুবরণ করেন তবে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও হাসপাতাল/ক্লিনিক কর্তৃপক্ষ দন্ডবিধির ৩০৪ ধারা এবং দেশে প্রচলিত অন্য কোন আইনের আওতায় তার জন্য দায়ী হবেন।

২। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ২০১১ সালে ৭৫৭৪ নম্বর রীট মামলায় প্রদত্ত রায় মোতাবেক এ আদেশ জারি করা হল এবং সংশ্লিষ্ট সকলকে এ আদেশ যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হল।

(আবু তাহের) ০৩/১/২০১২
যুগ্মসচিব
ফোন-৭১৬২৯১৩

কার্যার্থে: বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বর্ণিত বিষয়টি সকল সরকারি ও বেসরকারি হাসপাতাল এবং ক্লিনিকসমূহকে অবহিত করার জন্য এবং বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল) ......
০৩। পরিচালক/ তত্ত্বাবধায়ক, বিশেষায়িত হাসপাতাল (সকল) ......
০৪। জেলা প্রশাসক (সকল), ......
০৫। পুলিশ সুপার (সকল), ......
০৬। সিভিল সার্জন/ তত্ত্বাবধায়ক/ সহকারী পরিচালক (সকল) ...... (বর্ণিত বিষয়টি সকল সরকারি ও বেসরকারি হাসপাতাল এবং ক্লিনিকসমূহকে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো)।

জ্ঞাতার্থে:

০১। রেজিস্ট্রার, হাইকোর্ট ডিভিশন, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৬। যুগ্ম-সচিব/ যুগ্ম-প্রধান (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৭। উপ-সচিব/ উপ-প্রধান (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

PUS

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৬.২০১৫-৫৮৪ তারিখঃ-২১-০৯-২০১৫ খ্রিঃ

বিষয়ঃ হাসপাতাল ও চিকিৎসা শিক্ষাসহ সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

হাসপাতাল ও চিকিৎসা শিক্ষাসহ সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ১১-০৭-২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ইতোপূর্বে প্রেরণ করা হয়েছে। উক্ত সভার নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | সকল সরকারী হাসপাতালে ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য Card Punch করে প্রবেশ ও প্রস্থান নিশ্চিত করতে হবে। | পরিচালক, সকল মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, সিভিল সার্জন, তত্ত্বাবধায়ক, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ২ | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ন্যায় অন্যান্য হাসপাতালের সকল প্রকার বর্জ্য ব্যবস্থাপনা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সংশ্লিষ্ট সকল হাসপাতাল, সিটি কর্পোরেশন ও প্রিজমের সাথে চুক্তির মাধ্যমে অপসারণের ব্যবস্থা করতে হবে। | মন্ত্রণালয় ও স্ব স্ব হাসপাতালের প্রধানগণ। |
| ৩ | সরকারী সকল হাসপাতালে দৈনিক ভিত্তিতে অথবা আউট সোর্সিং এর মাধ্যমে লোক নিয়োগ করতঃ হাসপাতাল অংগনের ময়লা-আবর্জনা ও টয়লেট পরিষ্কার রাখতে হবে। | পরিচালক, সকল মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, সিভিল সার্জন, তত্ত্বাবধায়ক, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৪ | রোগী প্রতি দর্শনার্থীর সংখ্যা কমানোর স্বার্থে সকল সরকারী হাসপাতালে দর্শনার্থী ফি আরোপ অথবা ন্যূনতম টাকার বিনিময়ে কার্ড প্রথা চালুর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক, সকল মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, সিভিল সার্জন, তত্ত্বাবধায়ক, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৫ | সরকারী সকল হাসপাতালসমূহকে Public Procurement Act, 2006 এবং Public Procurement Rules. 2008 এর নিয়ম-বিধি মেনে ক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে। | সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান। |
| ৬ | সরকারী বিধি-বিধান ও বদলী বিধিমালা বাধ্যতামূলক অনুসরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান। |
| ৭ | সকল যন্ত্রপাতি মেরামত ও সংরক্ষণের জন্য সম্পদ রেজিস্ট্রার রক্ষণাবেক্ষণ করা এবং মেরামত খাত থেকে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান। |
| ৮ | অবকাঠামোগত অসুবিধা দূরীকরণে গণপূর্ত অধিদপ্তর এবং স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সরেজমিনে পরিদর্শন এবং যাচাই বাছাই করে এবং জনবল বাড়ানোর জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান, গণপূর্ত বিভাগ এবং প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |
| ৯ | পথ্যের মান নিয়ন্ত্রণে প্রতিষ্ঠান প্রধানকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। শয্যা সংখ্যার অতিরিক্ত রোগীর পথ্য সরবরাহ নিশ্চিত করণের জন্য যথাসম্ভব পরিকল্পনা প্রণয়ন করে সে মোতাবেক ঘাটতি বাজেট প্রদানের চাহিদা প্রেরণ করতে হবে। | স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান। |
| ১০ | প্রয়োজনানুপাতে সরবরাহ থাকলে রোগীদের বিনামূল্যে যথাসম্ভব ঔষধ বিতরণ নিশ্চিত করতে হবে। | স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান। |
| ১১ | মেডিকেল রি-প্রেজেনটেটিভদের জন্য কর্মঘন্টার বাইরে নির্দিষ্ট সময় নির্ধারণ করে দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান। |
| ১২ | ৪র্থ শ্রেণীর কর্মচারী সংগঠন ও দালালদের দৌরাত্মের বিরুদ্ধে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ আলোচনা ও আইনগত ব্যবস্থার মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করবেন। | স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান। |

(রেহানা ইয়াছমিন)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।